

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯২

উদয়পুর, ১৩ এপ্রিল, ২০২৫

সুখ, শান্তি ও সম্প্রীতির জন্য
গড়িয়া পূজা করা হয় : রাজ্যপাল

রাজ্যপাল ইন্দুসেনা রেডিভি নাল্লু আজ কিলার পবিত্ররাম বাড়িতে গড়িয়া পূজা ও উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, ৭ দিন ধরে বাবা গড়িয়ার পূজা করা হয়। সুখ, শান্তি ও সম্প্রীতির জন্য এই পূজা করেন এই রাজ্যের জনজাতি গোষ্ঠীর লোকজন। যদিও গড়িয়া উৎসবে আজ জাতি জনজাতি সকল অংশের মানুষের ভক্তিপূর্ণ অংশগ্রহণে সার্বজনীন উৎসবে পরিণত হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের জনজাতির বিকাশে অভূতপূর্ব কাজ করা হচ্ছে। জনজাতিদের কৃষ্টি, সংস্কৃতি ও ঐতিহ্যের সংরক্ষণের পাশাপাশি তাদের সার্বিক বিকাশে বর্তমান রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় কাজ করে চলেছে। অনুষ্ঠানে রাজ্যপাল জমাতিয়া হৃদার একটি স্মরণিকারণও আবরণ উন্মোচন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, বর্তমান সরকার রাজ্য শান্তি সম্প্রীতি বজায় রাখার মাধ্যমে সমগ্র রাজ্য প্রতিটি মানুষকে মৌলিক সুবিধাগুলি প্রদানের জন্য আন্তরিকভাবে কাজ করে চলেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, বিধায়ক রামপদ জমাতিয়া, হরিদ্বার শিবদয়াল আশ্রম থেকে আগত স্বামী শরদপুরি মহারাজ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হৃদা অ্যাডভাইজর দাতামোহন জমাতিয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কিলা ব্লক বি.এ.সি. চেয়ারম্যান বাগানহরি মলসম, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা সহ জমাতিয়া হৃদা গোষ্ঠীর বিভিন্ন স্তরের প্রতিনিধিগণ। অনুষ্ঠানে রাজ্যপাল সহ অন্যান্য অতিথিগণ মেলা উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন সরকারি দপ্তরের প্রদর্শনী স্টলগুলিও পরিদর্শন করেন।
